

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন অ্যালিফ্যান্ট রোড, নিউ ইঙ্কটন গার্ডেন, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০৪৩.১১.০৪৫.২০- ৩০২

তারিখ: ০২ মে, ২০২১ খ্রি.

বিষয়: বাংলাদেশ থেকে দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পূর্বে সকল যাত্রীকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ও ভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এর সার্বিক তত্ত্বাবধানে কোভিড টেস্টসহ বাধ্যতামূলক ০৭ (সাত) দিনের সজ্ঞানিরোধ সম্পন্ন নিশ্চিত করে দক্ষিণ কোরিয়ায় গমন প্রসঙ্গো।

সূত্র: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী, তারিখ: ১২ এপ্রিল ২০২১ খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস)-এর আওতায় জি টু জি পদ্ধতিতে বোয়েসেল দক্ষিণ কোরিয়ায় উচ্চ বেতনে চাকরিসহ গড়ে প্রতি বৎসর ২০০০ (দুই) হাজার কর্মী গমন করে থাকে। সৃষ্ট বৈশ্বিক কোভিডের কারণে গত ১৮ মার্চ ২০২০ খ্রি. তারিখ থেকে অদ্যাবধি দক্ষিণ কোরিয়ায় কর্মী গমন বন্ধ রয়েছে।

২। ইপিএস-এর আওতায় দক্ষিণ কোরিয়া সরকার ১৬টি দেশ থেকে প্রতিযোগিতার ভিত্তিতে কর্মী নিয়োগ করে থাকেন। সৃষ্ট বৈশ্বিক কোভিড মহামারির সময়ে বাংলাদেশ থেকে দক্ষিণ কোরিয়ায় প্রবেশকৃতদের কোভিড পজিটিভ শনাক্তের হারের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ ও প্রত্যাহার নির্ভর করে। কোভিডকালীন সময়ে নিয়মিত/বিশেষ ফ্লাইটে বাংলাদেশ থেকে কোরিয়ায় প্রবেশকৃতদের কোভিড শনাক্তের হার গড়ে ১০%-এর বেশি পাওয়ায় কোরিয়া কর্তৃপক্ষ ইপিএস কর্মীদের ভিসা প্রক্রিয়া ও ফ্লাইট স্থগিত রেখেছে। ফলে উক্ত কর্মীদের মাঝে প্রতিনিয়ত হতাশা বিরাজ করছে এবং বাংলাদেশ সরকার বড় ধরনের রেমিটেন্স থেকে বঞ্চিত হচ্ছে।

৩। সৃষ্ট পরিস্থিতি উত্তরণ ও কোভিড প্রতিরোধকল্পে গত ১২ এপ্রিল ২০২১ খ্রি. তারিখ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বোয়েসেল-এর সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ থেকে দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পূর্বে কোভিড নেগেটিভধারী সকল যাত্রী ০৭ (সাত) দিনের বাধ্যতামূলক সজ্ঞানিরোধ সম্পন্ন নিশ্চিত করে দক্ষিণ কোরিয়ায় গমন করতে হবে (কপি সংযুক্ত)। বাংলাদেশ থেকে দক্ষিণ কোরিয়ায় প্রবেশের পূর্বে যে সকল যাত্রী বোয়েসেল কর্তৃক সজ্ঞানিরোধ সম্পন্ন করেছে তাদের দক্ষিণ কোরিয়ায় প্রবেশের অনুমতি প্রদান এবং যে সকল যাত্রী বোয়েসেল কর্তৃক সজ্ঞানিরোধ সম্পন্ন করেনি তাদের দক্ষিণ কোরিয়ায় প্রবেশের অনুমতি বাতিল করতে হবে। দক্ষিণ কোরিয়া সরকারের নিকট বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরা ও সম্ভাবনাময় শ্রমবাজার সম্প্রসারণ এবং টেকসই করার নিমিত্ত উক্ত বিষয়ে সংশ্লিষ্টদের আন্তরিক সহযোগিতা একান্ত আবশ্যিক।

৫। এমতাবস্থায়, উপর্যুক্ত পর্যবেক্ষণের আলোকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ফর্দ।


02/05/2021

সুষমা সুলতানা
উপসচিব

ফোন: ০২-৪১০৩০২৪২

ইমেইল: dsemployment1@probashi.gov.bd

সচিব

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, সিউল, দক্ষিণ কোরিয়া।
- ০৫। অতিরিক্ত সচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ও ভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৮। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। অফিস কপি।



প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.boesl.gov.bd



বাংলাদেশ থেকে দক্ষিণ কোরিয়াগামী সকল যাত্রীর কোভিড টেস্ট ও বাধ্যতামূলক ০৭ (সাত) দিনের
সজ্ঞানিরোধ অবস্থান এবং অন্যান্য কার্যাদি নিশ্চিত সংক্রান্ত ফ্লোচার্ট

তথ্য প্রদান
বৈধ ভিসাধারী C31, C34, C39, C311, D2, D4, F1, F2, F6, E1, E3, E7, E9 Leave/
Release and others প্রার্থীগণ (ইপিএস জেনারেল এবং রি-এন্ট্রি ভিসাধারী ব্যতীত) সজ্ঞানিরোধ
সম্পন্ন করে দক্ষিণ কোরিয়া গমনের জন্য নিজ উদ্যোগে বোয়েসেল-এর প্রদত্ত গুগল ডক ফর্মে
নির্ধারিত তথ্য প্রদান করবেন
<https://docs.google.com/forms/d/e/1FAIpQLSdT6-fLJwvYuapWZvO1WL-z19JGKQKgpOxypB2nowY0AfzjOg/viewform>



তথ্য প্রদানকারীদের এয়ার টিকিট বুকিং
দক্ষিণ কোরিয়া যাত্রার সময় থেকে ন্যূনতম ১০ দিন পূর্বে সংশ্লিষ্ট যাত্রী নিজ উদ্যোগে বিশেষ ফ্লাইটে এয়ার
টিকিট বুকিং করতে পারবেন অথবা সঠিকভাবে তথ্য প্রদানকারী যাত্রীর সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নির্ধারিত
তারিখে গ্রুপ ভিত্তিক এয়ার টিকিট বুকিং নিশ্চিত করে সংশ্লিষ্ট প্রার্থীকে অবহিত করবেন



কোভিড টেস্ট (১ম পর্ব)
(এয়ার টিকিট বুকিং নিশ্চিত যাত্রীদের যাত্রার ৯ দিন পূর্বে নির্ধারিত কোভিড টেস্ট সেন্টার থেকে সংশ্লিষ্ট
কমিটির তত্ত্বাবধানে কোভিড টেস্ট সম্পন্ন করবেন)



এয়ার টিকিট চূড়ান্ত
কোভিড টেস্টে (১ম পর্ব) নেগেটিভ ফল প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যাত্রার ৮ দিন পূর্বে এয়ার টিকিট
চূড়ান্ত করবেন। কোভিড পজিটিভ শনাক্তদের এয়ার টিকিট বাতিল করে বাড়িতে সজ্ঞানিরোধে যাবেন



সজ্ঞানিরোধ
কোভিড টেস্টে (১ম পর্ব) নেগেটিভ শনাক্ত ও এয়ার টিকিট চূড়ান্তকারী যাত্রীর যাত্রার ৭ দিন পূর্বে সংশ্লিষ্ট
কমিটি কর্তৃক নির্ধারিত হোটেলে ৭ দিনের সজ্ঞানিরোধের ব্যবস্থা গ্রহণ করবেন



কোভিড টেস্ট (২য় পর্ব)
সজ্ঞানিরোধ থাকাকালীন ৫ম দিনে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সকল যাত্রীর ২য় কোভিড টেস্ট সম্পন্ন করবেন



ট্রাভেল বীমা
২য় কোভিড টেস্টে নেগেটিভ শনাক্ত যাত্রীদের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক ট্রাভেল বীমা সম্পন্ন করবেন। এছাড়া ২য়
কোভিড টেস্টে পজিটিভ শনাক্ত যাত্রীগণ হোটেলে থেকে নিজ বাড়িতে সজ্ঞানিরোধ অবস্থায় থাকবেন



দক্ষিণ কোরিয়া গমন
উপর্যুক্ত সকল ধাপ সফলভাবে সম্পন্ন হলে সংশ্লিষ্ট যাত্রীকে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সজ্ঞানিরোধ সনদ প্রদান
করা করবেন এবং সংশ্লিষ্ট হোটেলে কর্তৃপক্ষ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট যাত্রীকে হোটেলে থেকে
সরাসরি বিমান বন্দরে পৌঁছানো নিশ্চিত করবেন।

বি. দ্র.:

- উপর্যুক্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট যাত্রী বহন করবেন।
- কোভিড টেস্টে পজিটিভ শনাক্ত যাত্রীদের দক্ষিণ কোরিয়ায় গমনের ক্ষেত্রে পুনরায় উপর্যুক্ত প্রক্রিয়া অবলম্বন করতে হবে।
- কোনো প্রার্থী উপর্যুক্ত সকল ধাপ সফলভাবে সম্পন্ন করতে ব্যর্থ হলে নির্ধারিত সময়ে দক্ষিণ কোরিয়ায় প্রবেশ অনিশ্চিত হবে।